



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.moa.gov.bd

## প্রিয় কৃষক-কিষাণী ভাই ও বোনেরা,

আসসালামু আলাইকুম। আপনারা জানেন বাংলাদেশের জনসংখ্যা দিন দিন বাড়ছে। বিগত জনসংখ্যা শুমারি অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা প্রায় ১৬ কোটি। জনসংখ্যার কাতারে প্রতি বছর যোগ হচ্ছে ২০ লক্ষ মানুষ। ফলে প্রতিবছর আমাদের অতিরিক্ত খাদ্যশস্য উৎপাদনের প্রয়োজন দেখা দিয়েছে ৩ লক্ষ মেট্রিক টন। অন্যদিকে প্রতি বছর আবাদি জমির পরিমাণ কমছে। এছাড়া প্রাকৃতিক দুর্যোগ যেমন বন্যা, খরা, লবণাক্ততা, সামুদ্রিক জলোচ্ছ্বাস/ঘূর্ণিঝড়ের ফলে কৃষি উৎপাদন (ফসল, গবাদি পশু, হাঁস-মুরগি, মাছ চাষ) প্রতিনিয়ত হ্রাসকির সম্মুখীন হচ্ছে। ইতোমধ্যে যদিও আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করে বিদেশে চাল রপ্তানি করছি, তবুও আমাদেরকে মধ্যম আয়ের দেশে উন্নীত হতে হলে এবং সকল জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করতে হলে, টেকসই কৃষি ব্যবস্থাপনার মাধ্যমে স্বল্প জমি থেকে অধিক ফসল উৎপাদন করতে হবে। এ ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অবলম্বন করে কৃষির উৎপাদনশীলতা বাড়ানোর জন্য আপনাদের প্রতি উদাত্ত আহবান জানাচ্ছি।

- ❖ মানসম্পন্ন উচ্চফলনশীল আধুনিক জাতের বীজ ব্যবহার করুন। এর দ্বারা ফসলের ফলন ১৫-২০% পর্যন্ত বাড়ানো সম্ভব ;
- ❖ বীজতলা তৈরি এবং ফসল উৎপাদনে সুষম সার প্রয়োগ করুন ;
- ❖ যান্ত্রিক চাষাবাদের মাধ্যমে সময় ও অর্থ সাশ্রয়ের সাথে সাথে একই জমিতে একাধিক ফসল উৎপাদন করুন ;
- ❖ জমির উর্বরতা বৃদ্ধি ও মাটির স্বাস্থ্য রক্ষার লক্ষ্যে রাসায়নিক সারের ব্যবহার কমিয়ে কম্পোস্ট, ভার্মি কম্পোস্ট, সবুজ সার ও অন্যান্য জৈব সার ব্যবহার করুন ;
- ❖ ক্ষতিকর রোগ ও পোকামাকড় দমনের জন্য জৈব বালাইনাশক, পার্চিং, আলোর ফাঁদ ও ফেরোমোন ট্র্যাপ ব্যবহার করুন ;
- ❖ সাশ্রয়ী সেচের জন্য সেনিপা (AWD) ও ফিতা পাইপ ব্যবহার করুন এবং জমিতে পরিমিত পরিমাণ সেচ দিন ;
- ❖ সেচের জন্য সোলার পাম্প ব্যবহার করুন।

এ সকল কাজে বিএডিসি এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের কর্মকর্তাদের সহযোগিতা নিন।

বিনীত  
আপনাদের সেবক  
মতিয়া চৌধুরী এমপি  
মন্ত্রী  
কৃষি মন্ত্রণালয়।